

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বিরল, দিনাজপুর।

উপজেলা পরিষদ, মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী কমিটির মে/২০২৩ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব ফিরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

তারিখ : ১১/০৫/২০২৩খ্রিঃ

সময় : ৩.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ

- ০১। জনাব ফিরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০২। চেয়ারম্যান, ০৮নং ধর্মপুর ইউ, পি বিরল দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৩। চেয়ারম্যান, ০৯নং মঙ্গলপুর ইউ, পি বিরল দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৪। চেয়ারম্যান, ১০নং রানীপুকুর ইউ, পি বিরল, দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৫। মহিলা ওয়ার্ড সদস্য, ০৩নং ওয়ার্ড ০৮নং ধর্মপুর ইউ, পি বিরল দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, (সদস্য সচিব) বিরল, দিনাজপুর।.....স্বাক্ষরিত

আলোচ্য বিষয়ঃ

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে আলোচনা।
- ০৪। টেকসই উন্নয়নের লক্ষে বেকার যুব নারীদের নকশীকাঁথা সেলাই বিষয়ে প্রশিক্ষণ কোর্স বিষয়ে আলোচনা।
- ০৫। টেকসই উন্নয়নের লক্ষে বেকার নারীদের ই-কর্মাস/অনলাইন মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ কোর্স বিষয়ে আলোচনা।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় আজকের সভার মূল আলোচ্য বিষয় জানতে চাইলে কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিরল উপজেলায় ১২টি ইউনিয়নে চলমান ২০২৩-২০২৪ ভিডলিউবি(ভিজিডি) চক্রের ২২৩৬ জন ভিজিডি উপকারভোগীর মাঝে প্রতিজন ৩০ কেজি করে পুষ্টিচাল বিতরণ করা হচ্ছে। সদস্য সচিব আরও বলেন যে, প্রতিমাসে পর্যায়ক্রমে ১২টি ইউনিয়নে নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে উঠান বৈঠক করা হচ্ছে। সদস্য সচিব বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে টেকসই উন্নয়নের লক্ষে বেকার যুব নারীদের নকশীকাঁথা সেলাই বিষয়ে প্রশিক্ষণ ও টেকসই উন্নয়নের লক্ষে বেকার নারীদের ই-কর্মাস/অনলাইন মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য প্রকল্প গ্রহণ করা দরকার। উক্ত প্রশিক্ষণ বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং এই প্রশিক্ষণগুলো গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্রশিক্ষণগুলো বাস্তবায়িত হলে যুব নারীরা নিজে উদ্যোক্তা তৈরী হয়ে স্বাবলম্বী হবে। নারীরা স্বাবলম্বী হলে নারীর ক্ষমতায়ন ত্বরান্বিত হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

১১/০৫/২৩
(ফিরোজা বেগম)

সভাপতি

উপজেলা পরিষদ মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।